মাগুরায় ভালো কাজের স্বীকৃতিস্বরূপ সম্মাননা পেলেন ৩২ জন

মাগুরা- ভালো কাজের নাগরিক অনুশীলন, স্বীকৃতি দেবে মাগুরা জেলা প্রশাসন এই প্রতিপাদ্য সামনে নিয়ে মাগুরা জেলার বিভিন্ন ব্যক্তি ও সেচ্ছাসেবক মূলক সংগঠনসহ ৩২জনকে ভালো কাজের স্বীকৃতি হিসেবে সংবর্ধনা দিয়েছে মাগুরা জেলা প্রশাসন।
সোমবার জেলা প্রশাসকের চাঁদের হাট সম্মেলন কক্ষে মাগুরা জেলা প্রশাসক মোহাম্মদ আবু নাসের বেগ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাগুরা-২ আসনের সংসদ সদস্য ড.শ্রী বীরেন শিকদার।

বিশেষ অতিথি ছিলেন মাগুরার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আব্দুল কাদের, মাগুরা জেলা আওয়ামীলীগের সভাপতি আ.ফ.ম আব্দুল ফাত্তাহ, মাগুরা সদর উপজেলা নির্বাহী অফিসার মো. মিজানুর রহমান, মহম্মদপুর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, শালিখা উপজেলা নির্বাহী অফিসার হরেকৃষ্ণ অধিকারী, শ্রীপুর উপজেলা নির্বাহী অফিসার মমতাজ মহল, জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক মো. জাকির হোসেন, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ ড.মো. ইয়াছিন আলী সহ অন্যান্যরা।

ভালো কাজে স্বীকৃতি হিসেবে সংবর্ধনা পাওয়া ব্যক্তিরা হচ্ছেন-ডা. পঙ্কজ কান্তি মণ্ডল, সাদ্দাম হোসেন গোকি, পংকজ কান্তি আইচ, ড. নজরুল ইসলাম, অর্পিতা বিশ্বাস, উম্মে কুলসুম, মো. অছিউজ্জামান বুলবুল, কিশোর কান্তি বিশ্বাস, মোহাম্মদ নূর ইসলাম, সঞ্জিবন কুমার বিশ্বাস, ব্রজেন্দ্রনাথ বালা, মো. নাছির হোসেন, মো. তৈয়বুর রহমান, কবিতা বিশ্বাস, মোছাঃ তাসলিমা খাতুন, হরশিত বিশ্বাস, মো. আশরাফুল ইসলাম, নওসের প্রামাণিক, দারাসার বেগম, মো. শাহীন ফকির, গোপাল চন্দ্র পাল, সাব্বির আহমেদ, শীবাস রায়, মো. মাহমুদুর রহমান সজীব, সুমন পারভেজ, মো, আলমগীর হোসেন, মো. মোহন বিশ্বাস, আরিফ হাসান, মো. আমিরুল হক, শেখ হাবিবুল দেশ ও মহকুমা স্বেচ্ছাসেবী সংগঠনকে ভালো কাজের নাগরিক অনুশীলনের স্বীকৃতি হিসেবে ফুলের তোড়া, মেডেল ও শুভেচ্ছা স্মারক তুলে দেয়া হয়।